

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২১৮

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ জুমু'আর উদ্দেশ্যে গোসলকারী ব্যক্তি আগামী জুমু'আহ পর্যন্ত পাপসমূহ থেকে পবিত্র হয়ে যায়

ذِكْنُ تَطْهِيرِ الْمُغْتَسَلِ لِلْجُمُعَةِ مِنْ ذُنُوبِهِ إِلَى الجمعه الأخرى

## আরবী

1218 ـ أَخْبُرَنَا مُحَمَّدُ بْنُ زُهُيْرٍ أَبُو يَعْلَى بِالْأَبُلَّةِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى حَدَّثَنَا أَبَانُ بْنُ يَزِيدَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ هَارُونُ بْنُ مُسْلِمٍ صَاحِبُ الْحِنَّاءِ حَدَّثَنَا أَبَانُ بْنُ يَزِيدَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ قَالَ: دَخَلَ عَلَيَّ أَبُو قَتَادَةَ وَأَنَا أَغْتَسِلُ يَوْمَ الْجُمُعَةِ فَقَالَ: أَعُسْلُكَ هَذَا مِنْ جَنَابَةٍ؟ قُلْتُ: نَعَمْ قَالَ: أَعِدْ غُسْلاً آخَرَ فَإِنِي سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ جَنَابَةٍ؟ قُلْتُ يَعْمُ قَالَ: أَعِدْ غُسْلاً آخَرَ فَإِنِي سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنِ اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ لَمْ يَزَلْ طَاهِرًا إِلَى الْجُمُعَةِ الأَخرى) للراوي : أَبُو قَتَادَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو قَتَادَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصافحة أو الرقم: 1218 الحلاصة حكم المحدث: حسن. المعددة أو الرقم: 1218 الحلاصة حكم المحدث: حسن. قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَمْ يَزَلْ طَاهِرًا إِلَى الْجُمُعَةِ الْأُخْرَى) يُرِيدُ بِهِ قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَمْ يَزَلْ طَاهِرًا إِلَى الْجُمُعَةِ الْأُخْرَى) يُرِيدُ بِهِ مِنَ الذُّنُوبِ لِأَنَّ مَنْ حَضَرَ الْجُمُعَةَ بِشَرَائِطِهَا غُفِرَ لَهُ مَا بَيْنَهَا وَيَيْنَ الجمعة الأخرى.

## বাংলা

১২১৮. আব্দুল্লাহ বিন আবূ কাতাদাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি জুমু'আর দিন গোসল করছিলাম, এমন অবস্থায় আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু আসেন এবং বলেন, "তোমার এই গোসল কি নাপাকীর গোসল?" আমি বললাম, "হাাঁ।" তিনি বললেন, "তুমি আবার গোসল করো। কেননা আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "যে ব্যক্তি জুমু'আর দিন গোসল করবে, সে ব্যক্তি আরেক জুমু'আহ পর্যন্ত পবিত্র থাকবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য "সে ব্যক্তি আরেক জুমু'আহ পর্যন্ত পবিত্র থাকবে" এর দ্বারা উদ্দেশ্য হলো সে পাপ থেকে পবিত্র থাকবে। কেননা যে ব্যক্তি সমস্ত শর্ত পুরণ করে জুমু'আয় আসবে, তার সেই জুমু'আহ ও পরবর্তী জুমু'আর গোনাহ সমূহ ক্ষমা করে দেওয়া হবে।"



## ফুটনোট

[1] হাকিম: ১/২৮২; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৬০; সুনান বাইহাকী: ১/২৯৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আস সহীহাহ: ২৩২১।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন আবু কাতাদা (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন